

Subject Bengali

2nd language

Worksheet

Class-4

বিশেষণ ও সর্বনাম পদ

বিশেষণ পদ: যে পদের দ্বারা অন্য কোন পদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয় সেই পদকে বিশেষণ পদ বলে অর্থাৎ যে পদ দিয়ে অন্য যে কোনো পদ বিশেষ্য সর্বনাম ক্রিয়াপদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয় সেই পদকে আমরা বিশেষণ পদ বলে থাকি।

যেমন-১) একটি লাল গোলাপ ফুল।

২) তিনি ধনী ব্যক্তি হলেও সং।

৩) দুই কেজি চাল দিন।

এই উদাহরণ গুলিতে আমরা দেখতে পাই গোলাপ ফুলটির রং লাল, ব্যক্তিটি ধনী কিন্তু সং , দুই কেজি প্রভৃতি পদ বলি অন্য একটি পদের সম্বন্ধে বলেছে অর্থাৎ পদকে বিশেষিত করেছে তাই এই পদ গুলি হল বিশেষণ পদ।

বিশেষণ পদ কে আমরা সাধারণত দুটি ভাগে ভাগ করতে পারি।

যেমন:

১) বিশেষ্যের- বিশেষণ।

নীচের একটি উদাহরণের সাহায্যে বোঝানো হল বিশেষ্য বিশেষণ কেমন করে হয়:

পরিশ্রমী মানুষ সবসময় সাফল্য লাভ করে।

মানুষ একটি বিশেষ্য পদ। এই পদের বিশেষণ হল পরিশ্রম।

এইজন্য একে বলা হবে বিশেষ্যের বিশেষণ।

২) বিশেষণের বিশেষণ।

নীচের একটি উদাহরণের সাহায্যে বোঝানো হল বিশেষণের বিশেষণ কেমন করে হয়:

খুব গরীব মানুষ শীতে কষ্ট পায়।

ওপরের বাক্যে মানুষ পদকে বিশেষিত করেছে গরীব

পদ। এখানে গরীব পদটি বিশেষণ। এবার যদি প্রশ্ন করা

যায় মানুষটি কিরূপ গরীব উত্তর হবে খুব। অর্থাৎ খুব

বিশেষণ গরীবকে বিশেষিত করেছে বলে খুব কে বলা হবে

বিশেষণের বিশেষণ।

এছাড়াও যেমন বহু, অত্যন্ত প্রভৃতি বিশেষণের বিশেষণ।

সর্বনাম পদ: যে পদ বিশেষ্য পদ এর পরিবর্তে বসে তাকে

সর্বনাম পদ বলে। অর্থাৎ বিশেষ্য পদ এর বদলে যে পথ কে

আমরা ব্যবহার করি আমরা সেই পথকে সর্বনাম পদ বলে থাকি।

সর্বনাম পদের কিছু ব্যবহার নীচে দেখানো হলো।

আমি তোমার সঙ্গে সেখানে বেড়াতে গিয়েছিলাম সেও গিয়েছিল তিনি আমাদের আগেই গিয়েছিলেন কেউ কেউ বলে জায়গাটা ভালো সবাই একথা বলে না।

উপরের বাক্য বলিতে আমি, তোমার, সে, তিনি, কেউ কেউ, সবাই, কোন না কোন ব্যক্তির বদলে বসেছে বলে এগুলি সর্বনাম।

এছাড়াও আরো অনেক সর্বনাম আছে যেমন -সে, তিনি, তাকে, তোমার, তোমাদিগকে, তোমার, তোমাদের, তোমাকে, আমি, আমরা, আমাকে, আমাদের, আমার, আমাদের, তাঁকে, তাদের, তাঁদের, সেখানে, এখানে ইত্যাদি।

তাঁকে, তাঁদের, এই পদ দুটিতে চন্দ্রবিন্দু ব্যবহার করা হয়েছে কারণ কোন বিশেষ ব্যক্তিদের বোঝানোর ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করা হয়। সাধারণের ক্ষেত্রে তারা, তাকে, তাদের এগুলি ব্যবহার করা হয়।

ক) নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

১) বিশেষণ পদ কাকে বলে?

যে কোনো একটি উদাহরণ দাও।

২) বিশেষণ পদ কয় প্রকার ও কি কি? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।

৩) সর্বনাম পদ কাকে বলে?

৪) যেকোনো দুটি উদাহরণ দাও।

খ) নিচের সঠিক পদগুলি নির্দিষ্ট ঘরে লেখ।

আমি, খুব, আমাকে, সে তিনি, ছোট, পরিশ্রমী, লাল,
তোমার, কচি কচি, তাঁকে, ছয়।

সর্বনাম বিশেষণ
